

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলা ম্যাজিস্ট্রেসি হতে ইস্যুকৃত যে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারী তাদের লাইসেন্স হালনাগাদ (২০১৯ সালের জন্য) নবায়ন করেন নি বা অন্য কোন জেলা হতে নবায়ন করে থাকলেও তা এ কার্যালয়কে অবহিত করেননি অথবা অস্ত্র লাইসেন্স ইস্যুর তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের মধ্যে অস্ত্র ক্রয় করেননি অথবা লাইসেন্সের অনুকূলে অস্ত্র ক্রয় করে থাকলেও তা এ কার্যালয়ে প্রদর্শনপূর্বক লাইসেন্সে লিপিবদ্ধ করেননি বা অন্য কোন জেলা ম্যাজিস্ট্রেসি থেকে ক্রয়কৃত অস্ত্রের বিবরণ লাইসেন্সে লিপিবদ্ধ করে থাকলেও তা এ কার্যালয়কে অবহিত করেননি, সে সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্স অস্ত্র আইন-১৮৭৮ এর ১৮(ক) ধারা, অস্ত্র বিধিমালা-১৯২৪ এর ৪২ বিধি এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৩.০৮.২০১৬ খ্রিস্টাব্দ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.৩৯.০০১.১৫.৮২৬ নং স্মারকের আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা ২০১৬ এর নির্দেশনা অনুযায়ী বাতিলযোগ্য।

০২। এমতাবস্থায় যে সকল ব্যক্তি তাদের আগ্নেয়াস্ত্র লাইসেন্স হালনাগাদ (২০১৯ সালের নবায়নের জন্য) নবায়ন করেননি বা অন্য কোন জেলা হতে নবায়ন করে থাকলেও তা এ কার্যালয়কে অবহিত করেননি অথবা অস্ত্র লাইসেন্স ইস্যুর তারিখ হতে ০৫ (পাঁচ) বছরের মধ্যে অস্ত্র ক্রয় করেননি বা অস্ত্র ক্রয় সংক্রান্ত কোন তথ্য অবহিত করেননি, তাদেরকে এ বিজ্ঞপ্তি প্রকাশের ০১ (এক) মাসের মধ্যে আগ্নেয়াস্ত্র লাইসেন্স হালনাগাদ নবায়ন অথবা অস্ত্র ক্রয় সংক্রান্ত তথ্য এ কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় তাদের নামীয় আগ্নেয়াস্ত্র লাইসেন্স পরবর্তীতে কোন প্রকার নোটিশ প্রদান ব্যতীত বাতিল পূর্বক লাইসেন্সধারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-
(মো: তোফায়েল ইসলাম)
জেলা ম্যাজিস্ট্রেট
মৌলভীবাজার
ফোন: ০৮৬১-৬৩২০২
dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৬.৫৮০০.০১৩.১৬.০১৬.১৬- ৬৭২


তারিখ: ২০ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ।

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।

অনুলিপি: অবগতি/কার্যার্থে:

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট.....(সকল)।
২. অধিনায়ক, ৪৬, বিজিবি, শ্রীমঞ্জল, মৌলভীবাজার /৫২, বিজিবি, বিয়ানীবাজার, সিলেট / ৫৫, বিজিবি, হবিগঞ্জ।
৩. পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিট বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ,(সকল), মৌলভীবাজার (বিজ্ঞপ্তিট বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫. মেয়র,পৌরসভা, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিট বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬. উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), মৌলভীবাজার, (বিজ্ঞপ্তিট বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৭. সহকারী কমিশনার, আইসিটি শাখা, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিট ফেসবুক পেইজ ও ওয়েব পোর্টালে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
৮. জেলা তথ্য অফিসার, মৌলভীবাজার। (বিজ্ঞপ্তিট জেলা শহরসহ সকল উপজেলায় মাইকযোগে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৯. অফিসার ইনচার্জ.....(সকল) থানা। (বিজ্ঞপ্তিট বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১০. সম্পাদক, দৈনিক.....মৌলভীবাজার (বিজ্ঞপ্তিট ০১ দিনের জন্য তার পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তি হিসেবে প্রকাশের জন্য অনুরোধ করা হলো) (বিজ্ঞাপন হিসেবে নয়)
১১. পরিচালক, এমসিএস, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিট ০৭ দিনের জন্য তার মিডিয়ায় স্কলে প্রেস বিজ্ঞপ্তি হিসেবে প্রকাশের জন্য অনুরোধ করা হলো) (বিজ্ঞাপন হিসেবে নয়)।
১২. জনাব.....


২৪.০৬.১৯
জেলা ম্যাজিস্ট্রেট
মৌলভীবাজার।